# সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

সিলেট সেনানিবাস

## বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি/একাডেমিক/শৃংখলা/১৮

তারিখঃ ২৯ অক্টোবর ২০২০

১। এতদ্বারা সম্মানিত অভিভাবক ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি ইন্টারনেটে তথা সোশ্যাল মিডিয়ায় সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের নাম ও লোগো ব্যবহার করে কতিপয় শিক্ষার্থী সোশ্যাল মিডিয়ায় (ফেসবুক/টুইটার/ভাইবার/ইন্সটাগ্রাম ইত্যাদি) একাউন্ট ওপেন করেছে বলে জানা যায়। ঐ সকল আইডিতে প্রতিষ্ঠানের ইমেজ ক্ষুণ্ণ হয় এমন সকল পোস্টও পরিলক্ষিত হয়েছে। উল্লেখ্য যে, এসসিপিএসসি'র অনুমোদিত ও নির্ধারিত অনুমতিপ্রাপ্ত ব্যক্তি ব্যতিত অন্য কোন ব্যক্তি কর্তৃক এই প্রতিষ্ঠানের নাম, আলোকচিত্র, কার্যক্রম ও লোগো ব্যবহার করে কোন ধরনের অনলাইন বা অফলাইন প্রচারণা কিংবা একাউন্ট পরিচালনা করা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এ ধরনের কর্মকান্ডে অংশগ্রহণ, সহযোগিতা প্রদান বা প্রচারণা চালানো এই প্রতিষ্ঠানের শৃঙ্খলা পরিপন্থি কাজ এবং ডিজিটাল তথ্য নিরাপত্তা আইনে দণ্ডনীয়।

২। প্রসঙ্গত উল্লেখযোগ্য কিছু অনাকাঙ্ক্ষিত কার্যক্রম নিম্নে দেয়া হলোঃ

ক। অফিসিয়াল বিভিন্ন নোটিশ বা বিজ্ঞপ্তি গ্রুপ এডমিন কর্তৃক নিজের নামে সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করা, যা প্রতিষ্ঠান শৃঙ্খলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের সুস্পষ্ট ব্যত্যয়।

খ। প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যক্রমের আলোকচিত্র পোস্ট করা। উল্লেখ্য যে, কোন অবস্থাতেই সামরিক ব্যক্তিবর্গের ইউনিফর্ম পরিহিত ছবি বা কোন কার্যক্রম আপলোড করা যাবে না।

গ। অনেক সময় সোশ্যাল মিডিয়ায় রাষ্ট্র বিরোধী মন্তব্য করা এবং রাষ্ট্রীয় ব্যক্তিত্ব নিয়ে ট্রল করা ও আপত্তিকর মন্তব্য করা।

ঘ। উক্ত সোশ্যাল মিডিয়ার একাউন্টসমূহ দ্বারা সর্বসাধারণকে প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ভুল তথ্য প্রদান।

৩। উপরের বর্ণনার আলোকে কোন শিক্ষার্থীর বিরুদ্ধে এ ধরনের অভিযোগ পাওয়া গেলে এবং প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বাধ্যতামূলক ছাড়পত্র দেয়া হবে। এছাড়া দেশের বিদ্যমান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন এবং ডিজিটাল নিরাপত্তা বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

৪। এ বিষয়ে সম্মানিত অভিভাবক ও শিক্ষার্থীদের ইতিবাচক সহযোগিতা এবং সচেতনতা একান্তভাবে কাম্য।

আবু হায়দার মো. আসাদুজ্জামান
মেজর
অধ্যক্ষ

F:\GS BR\Notice\বিজ্ঞপ্তি ফাইল-08-9-2002.docx